“আমি তো অভিসম্পাতকারীরূপে প্রেরিত হইনি; বরং প্রেরিত হয়েছি রহমত স্বরূপ”।

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিতত, তিনি বলেন, রাসূলুল্লাহকে বলা হলো, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আপনি মুশরিকদের উপর বদদু’আ করুন।
তিনি বললেন, “আমি তো অভিসম্পাতকারীরূপে প্রেরিত হইনি; বরং প্রেরিত হয়েছি রহমত স্বরূপ”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট মুশরিকদের বিরুদ্ধে বদদোয়া করার অনুরোধ করা হলে, তিনি বললেন: আমি আল্লাহর পক্ষ থেকে লানতকারী হিসেবে প্রেরিত হইনি, যে মানুষের বিরুদ্ধে বদদোয়া করব, তাদের আল্লাহর রহমত থেকে দূরে ঠেলে দেব এবং তাদের কল্যাণ থেকে বঞ্চিত করব। আমি এ উদ্দেশ্যে প্রেরিত হইনি। বরং আমি প্রেরিত হয়েছি যাতে আমি মানুষের জন্য, বিশেষ করে মু’মিনদের জন্য, কল্যাণ ও রহমতের কারণ হতে পারি।

http://sunnah.global/hadeeth/bn/show/66272